


ধাপ-৮: আত্ম-সমীক্ষণ, ক্ষমতার প্রভাব, সঙ্গতি ও তাৎপর্য, প্রয়োজনবোধে পরিকল্পনার উন্নয়ন সাধন এবং যোগাযোগ রক্ষার ধাপসমূহের পুনরাবৃত্তি করা

উপরোক্ত ধাপসমূহ অনুসরণ করে প্রধান ইস্যুগুলো নিয়ে কাজ করার পরে আইএসও ২৬০০০ চেক টুল ও ম্যাট্রিক্যালিটি ম্যাট্রিক্স ব্যবহার করে আবার আত্ম-সমীক্ষার পুনরাবৃত্তি করতে হবে। এতে করে, স্টেকহোল্ডারদের আগ্রহ ও আপনার প্রতিষ্ঠানের নিজস্ব আগ্রহ সাপেক্ষে আপনি তথ্যসমূহ হাল নাগাদ করতে পারবেন।

দুর্নীতি-দমন নীতি কার্যকারিতার একটি উদাহরণ :



এই উদাহরণে দেখা যাচ্ছে যে, একটি প্রাথমিক মূল্যায়নের পর একটি কোম্পানি অনুধাবন করেছে যে তাদের একটি দুর্নীতি-দমন নীতি প্রণয়ন করা জরুরি। এই নীতি প্রস্তুত করার জন্য তারা প্রথমে জাতীয় ও আন্তর্জাতিক 'আদর্শ অনুশীলন' সম্পর্কে গবেষণা করেছে যাতে করে তারা বিষয়টি পুরোপুরিভাবে বুঝতে পারে। তারপর, তাদের প্রতিষ্ঠানের নিজস্ব সংস্কৃতি এবং বর্তমান অনুশীলন সম্পর্কে জেনে নিয়ে তারা বিবেচনা করেছে, এই নীতি কর্মীদের ওপর কি প্রভাব ফেলতে পারে এবং কর্মীগণ এই মুহুর্তে বিষয়টি সম্পর্কে কতটুকু জানে। যখন নীতিমালা প্রস্তুত করা হচ্ছিল, তারা কর্মী, সাপ্লাইয়ার, শেয়ারহোল্ডার প্রভৃতি স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করেছেন এবং খসড়াটিকে আরো উন্নত করার জন্য মূল্যবান প্রতিক্রিয়া পেয়েছেন। তাদের স্টেকহোল্ডারদেরকে সম্মান দেখানো, জাতীয় ও আন্তর্জাতিক আইন ও মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন এবং দায়বদ্ধ, স্বচ্ছ ও আচরণের ক্ষেত্রে নৈতিক হবার মধ্য দিয়ে প্রতিষ্ঠানটির সামাজিক দায়িত্বশীলতা আরো আস্থা লাভ করেছে।